



বাজেট কাঠামো : দ্বিতীয় ভাগ
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
(২০১৬-১৭)

৬. অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

৬.১ সাম্প্রতিক অর্জনঃ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের আওতাধীন মোট ১৮টি জোনাল এবং ০১টি দিয়ারা সেটেলমেন্ট অপারেশন কার্যক্রম রয়েছে। তন্মধ্যে ১৬টি জোন ও দিয়ারা সেটেলমেন্ট অপারেশনের অধীনে অপারেশনভুক্ত ৬১৪১০টি মৌজা এবং কর্মসূচীভুক্ত মৌজার সংখ্যা ৪১৪৭২টি। এ যাবত জেলা প্রশাসকের নিকট হস্তান্তরিত ২৫৩১৩টি মৌজায় খতিয়ান সংখ্যা ১২৫.৮৩ লক্ষের অধিক এবং চূড়ান্ত প্রকাশিত মৌজার সংখ্যা ৩০১৮৮টি এবং খতিয়ান সংখ্যা ১৬৪.১৭ লক্ষের অধিক। ২০১৭-১৮ মাঠ মৌসুমে চট্টগ্রামের আনোয়ারা উপজেলায় ৮০টি মৌজার জরিপ কার্যক্রম হাতে নেয়া হয়েছে। বিশেষভাবে রংপুর ও দিনাজপুর জোনের আওতায় ১১১টি ছিটমহলের জরিপ কাজ অর্থাৎ মৌজা নকসা প্রস্তুত, রেকর্ড প্রণয়ন ও মুদ্রণ সমাপ্ত হয়েছে। বর্তমানে পরিচালিত সকল জরিপ কার্যক্রম আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করে অর্থাৎ ডিজিটাল পদ্ধতিতে পরিচালিত হচ্ছে।

দক্ষ ও প্রশিক্ষিত জনবল, আধুনিক যন্ত্রপাতির সাহায্যে জনবান্ধব, নির্ভুল, হয়রানিমুক্ত ও স্বল্প সময়ে জরিপ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্য ও পরিকল্পনা নিয়ে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের কার্যক্রম অব্যাহত আছে।


০৬/১/১৬
সিনিয়র অফিসার (অতিরিক্ত)
অফিস সহকারী


উপ-পরিচালক (অর্থ ও হিসাব)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর